তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
www.titasgas.org.bd
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান
বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা- ১২১৫

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০৩.১৮.৩৬৭

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯
০৩ আগস্ট ২০২২

**অফিস আদেশ**


বর্তমান বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে সরকারের নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ মহোদয়ের সভাপতিত্বে গত ২১-০৭-২০২২ খ্রি. তারিখে অনলাইন ভিডিও সিস্টেমে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সরকারের সাম্প্রতিক ঘোষিত ব্যয় সাশ্রয়ের লক্ষ্যে গৃহীত সিদ্ধান্তসমূহের প্রেক্ষিতে কোম্পানিতে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসৃত হবে:

১.১। প্রধান কার্যালয়সহ কোম্পানি সকল দপ্তর/কার্যালয় বিদ্যুৎ ব্যবহার কমপক্ষে ২৫% হ্রাস করতে হবে। গত দুই মাসের বিদ্যুৎ রিডিং ইউনিট হিসাব থেকে ৭দিনের গড় বিদ্যুৎ রিডিং ভিত্তি ধরে বিদ্যুতের ব্যবহার প্রতি সপ্তাহে উক্ত গড় হতে কমপক্ষে ২৫% হ্রাস করতে হবে। এ ক্ষেত্রে মনিটরিং কমিটি প্রতি সপ্তাহে রবিবার বিদ্যুৎ মিটার পরীক্ষা করে ভিত্তি রিডিং নির্ধারণ করবে এবং পরের রবিবারে তুলনামূলক প্রতিবেদন প্রণয়ন করবে। মনিটরিং কমিটির প্রণীত প্রতিবেদন ব্যবস্থাপনা পরিচালক বরাবর দাখিল করতে হবে, যা পেট্রোবাংলায় প্রেরণ করা হবে। কোনো অফিস/দপ্তরে বিদ্যুতের ব্যবহার ২৫% হ্রাস না পেলে উক্ত দপ্তরের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে;
১.২। যথাসম্ভব দিনের আলো ব্যবহার করা এবং বৈদ্যুতিক লাইট, ফ্যান, এয়ারকন্ডিশন, টিভি, ফ্রিজ, লিফট ব্যবহার হ্রাস করে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে;
১.৩। অফিস কক্ষ ত্যাগ করার পূর্বে বৈদ্যুতিক লাইট, ফ্যান, কম্পিউটার, ফ্রিজ, এয়ারকন্ডিশনের সুইচ বন্ধ নিশ্চিত করতে হবে;
১.৪। প্রয়োজনীয় ক্ষেত্রে এয়ারকন্ডিশন ব্যবহার করতে হলে তাপমাত্রা সর্বনিম্ন ২৫ ডিগ্রী বা তদূর্ধ্ব রাখতে হবে;
১.৫। জ্বালানি খাতের বাজেট বরাদ্দের ২০% কম ব্যবহারের নিমিত্ত কোম্পানির সকল কার্যালয়ের যানবাহনে (প্রাধিকারভুক্ত কর্মকর্তাগণের সংযুক্ত গাড়ীসহ) বরাদ্দকৃত জ্বালানি (অকটেন/পেট্রোল/ডিজেল/গ্যাস) সিলিং কমপক্ষে ২০% কম ব্যবহার করতে হবে। এ ক্ষেত্রে পরিবহন বিভাগ কোম্পানির সকল কার্যালয়ের বিষয়টি নিশ্চিতকরত: মহাব্যবস্থাপক (ইএসডি) বরাবর প্রতি সপ্তাহে রবিবার সকাল ১১:০০ ঘটিকার মধ্যে প্রতিবেদন প্রেরণ করবে;
১.৬। দেশের অভ্যন্তরে সরকারি ভ্রমণের ক্ষেত্রে অফিসের গাড়ি ব্যবহার যথাসম্ভব পরিহার করে পাবলিক যানবাহন (বাস/ট্রেন/বিমান) ব্যবহার করে জ্বালানি সাশ্রয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে;
১.৭। কোম্পানির সকল কার্যালয়ের সাথে সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি সংস্থা/ব্যক্তিকে বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ে উদ্বুদ্ধ করতে হবে;
১.৮। প্রয়োজন ব্যতীত বিকাল ৫:০০ ঘটিকার পর অফিস ত্যাগ করতে হবে;
১.৯। অনিবার্য না হলে শারীরিক উপস্থিতিতে সভা পরিহার করতে হবে এবং অধিকাংশ সভা অনলাইনে আয়োজন করতে হবে;
১.১০। অতি অত্যাবশ্যক না হলে বিদেশ ভ্রমন যথাসম্ভব পরিহার করতে হবে এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যতীত অন্য কোন কর্মকর্তা বিদেশ ভ্রমণ করতে পারবে না;

১.১১। কোম্পানির ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং এন্ড কন্ট্রোল বিভাগ প্রয়োজনে সংশ্লিষ্ট ডিভিশন/বিভাগসমূহের সাথে আলোচনাপূর্বক ক্রয় পরিকল্পনা পুন:পর্যালোচনা করে রাজস্ব ব্যয় হ্রাসের উদ্যোগ গ্রহণ করবে।

উল্লেখ্য, ইত:পূর্বে স্মারকলিপি সূত্র নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০৩.১৮.৩৫৯, তারিখ: ২১-০৭-২০২২ খ্রি. তারিখের মাধ্যমে গঠিত কমিটি মনিটরিং কমিটি হিসেবে দায়িত্ব পালন করবে (স্মারকলিপি (31666/potrojariAttachmentRef/119211/0/7330))।

২। এ আদেশ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।




৪-৮-২০২২
এস এম আলিনূর রহমান
উপমহাব্যবস্থাপক
ফোন: ৫৫০১২৭০৯
ফ্যাক্স: ৮৮০-২-৮১৪২২৫০, ৮৮-২-৯১২০৫১৩
ইমেইল: titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০৩.১৮.৩৬৭/১(২৮৬)

তারিখ: ১৯ শ্রাবণ ১৪২৯
০৩ আগস্ট ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) মহাব্যবস্থাপক (সাধারণ)- সকল
২) মহাব্যবস্থাপক (হিসাব)- সকল
৩) মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল
৪) উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল
৫) উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল
৬) উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল
৭) ব্যবস্থাপক (সাধারণ)- সকল
৮) ব্যবস্থাপক (হিসাব)- সকল
৯) ব্যবস্থাপক (কারিগরি)- সকল
১০) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১১) সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১২) অফিস কপি



৪-৮-২০২২
এস এম আলিনূর রহমান
উপমহাব্যবস্থাপক

তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী
লিমিটেড
www.titasgas.org.bd
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম
এভিনিউ, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-
১২১৫

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০৩.১৮.৩৫৯

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৯
২১ জুলাই ২০২২

**স্মারকলিপি**

সরকারের ব্যয় সাশ্রয়ে কার্যকর কর্মপন্থা নিরুপণের লক্ষ্যে সম্প্রতি সকল মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিববৃন্দের সাথে প্রধানমন্ত্রী কার্যালয়ের মূখ্য সচিবের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের প্রেক্ষিতে কোম্পানির সকল দপ্তরে বিদ্যুতের ২৫% ব্যবহার হ্রাস নিশ্চিত করার লক্ষ্যে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে কমিটি গঠন করা হলো:

প্রধান কার্যালয়ের জন্য

| | | |
|---|---|---|
| ১। | মহাব্যবস্থাপক, ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস ডিভিশন | -আহ্বায়ক |
| ২। | উপমহাব্যবস্থাপক, কমন সার্ভিসেস বিভাগ | -সদস্য |
| ৩। | ব্যবস্থাপক, জেনারেল ইলেক্ট্রিক্যাল শাখা, ইলেক্ট্রিক্যাল এন্ড করোশন কন্ট্রোল বিভাগ | -সদস্য সচিব |


কোম্পানির প্রধান কার্যালয় ব্যতিত অন্যান্য সকল কার্যালয়ের ক্ষেত্রে নিম্নরূপে কমিটি গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| ১। | সংশ্লিষ্ট দপ্তর প্রধান | -আহ্বায়ক |
| ২। | সংশ্লিষ্ট দপ্তরের অন্য একজন কর্মকর্তা | -সদস্য |

উল্লেখ্য, ঢাকা মেট্রোর ক্ষেত্রে বিপণন বিভাগের উপমহাব্যবস্থাপকগণ বর্ণিত কমিটির আহ্বায়ক হবেন এবং যেসমস্ত দপ্তরে শুধুমাত্র একজন কর্মকর্তা/কর্মচারী বিদ্যমান তিনি কমিটির বর্ণিত দায়িত্ব পালন করবেন।

<u>কমিটির করণীয় (TOR):</u>

ক। প্রধান কার্যালয় ব্যতিত অন্যান্য দপ্তরের সংশ্লিষ্ট কমিটি নিজ নিজ দপ্তরের বিদ্যুতের মিটার রিডিং পরীক্ষা করে প্রতি সপ্তাহে রবিবার মহাব্যবস্থাপক (ইএসডি) বরাবর প্রতিবেদন প্রেরণ করবে;
খ। প্রধান কার্যালয়ের জন্য গঠিত কমিটি প্রধান কার্যালয়ের বিদ্যুতের মিটার রিডিং প্রতি সপ্তাহে রবিবার পরীক্ষা করবে এবং সকল কমিটির তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন আকারে পেট্রোবাংলায় প্রেরণ করবে; এবং
গ। সংশ্লিষ্ট কমিটিসমূহ নিজ নিজ কার্যালয়ে পরিদর্শন করে বৈদ্যুতিক সরঞ্জামের সাশ্রয়ী ব্যবহার নিশ্চিত করবে।




২১-৭-২০২২
এস এম আলিনূর রহমান
উপমহাব্যবস্থাপক
ফোন: ৫৫০১২৭০৯
ফ্যাক্স: ৮৮০-২-৮১৪২২৫০, ৮৮-২-৯১২০৫১৩
ইমেইল:
titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.০৪৩.১৮.০০৩.১৮.৩৫৯/১(২৮৮)

তারিখ: ৬ শ্রাবণ ১৪২৯
২১ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) মহাব্যবস্থাপক (সাধারণ)- সকল
২) মহাব্যবস্থাপক (হিসাব)- সকল
৩) মহাব্যবস্থাপক (কারিগরি)- সকল
৪) উপমহাব্যবস্থাপক (সাধারণ)- সকল
৫) উপমহাব্যবস্থাপক (হিসাব)- সকল
৬) উপমহাব্যবস্থাপক (কারিগরি)- সকল
৭) ব্যবস্থাপক (সাধারণ)- সকল
৮) ব্যবস্থাপক (হিসাব)- সকল
৯) ব্যবস্থাপক (কারিগরি)- সকল
১০) ব্যবস্থাপক, ইনকোয়ারী এন্ড কমিটি শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১১) ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১২) উপব্যবস্থাপক, ইনকোয়ারী এন্ড কমিটি শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৩) সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৪) অফিস কপি



২১-৭-২০২২
এস এম আলিনূর রহমান
উপমহাব্যবস্থাপক